অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/27/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট জরুরি ভাড়া সহায়তার জন্য 1.6 বিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত ফেডারেল তহবিলের অনুরোধ করেছে

আসন্ন পুনরায় বরাদ্দ রাউন্ডের জন্য মার্কিন ট্রেজারি ডিপার্টমেন্টকে করা অনুরোধ সহায়তা পাওয়ার যোগ্য ভাড়াটিয়াদের 174,000টি অর্থায়িত না হওয়া আবেদনকে সাহায্য করতে পারবে

ইতিমধ্যে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি ভাড়া সহায়তা প্রদানের অঙ্গীকার করা হয়েছে, বা প্রদান করা হয়েছে, যা কর্মসূচিতে করা প্রায় 166,000 আবেদনের জন্য অর্থসাহায্য, যার মধ্যে বাড়িওয়ালাদেরকে প্রদত্ত 109,000টি সরাসরি পেমেন্ট রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট জরুরি ভাড়া সহায়তার (Emergency Rental Assistance) জন্য আবেদন করা কষ্টে থাকা ভাড়াটিয়া ও বাড়িওয়ালাদের পূরণ করা যায়নি এমন চাহিদা মেটাতে সাহায্যের জন্য মার্কিন ট্রেজারি ডিপার্টমেন্টের (U.S. Treasury Department) কাছে অতিরিক্ত 1.6 বিলিয়ন মার্কিন ডলার অনুরোধ করেছে। গভর্নর হোকলের নির্দেশনার অধীনে, কর্মসূচিটি পরিচালনাকারী এজেন্সি, স্টেটের টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিস (Office of Temporary and Disability Assistance, OTDA) ফেডারেল ভাড়া ত্রাণ পুনরায় বরাদ্দের পরবর্তী রাউন্ডকে সামনে রেখে আনুষ্ঠানিক অনুরোধটি করেছে। অনুমোদিত হলে, তহবিলটি প্রায় 174,000টি অর্থায়িত না হওয়া ভাড়াটিয়া আবেদনকে সাহায্য করতে পারবে।

"আমরা মহামারীতে কষ্টে থাকা ভাড়াটিয়াদের প্রায় 1.4 বিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছি কিন্তু আমাদেরকে আরো কাজ করতে হবে। নিউ ইয়র্ক স্টেট এখনো এই ফেডারেল তহবিলের ব্যাপক প্রয়োজন প্রদর্শন করছে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কের মতো উচ্চ-ভাড়াটিয়াসহ স্টেটগুলিকে অগ্রাধিকার প্রদানের জন্য ট্রেজারিকে তাদের পুনরায় বরাদ্দের সূত্র পুনরায় বিবেচনা করে দেখতে বলে আমাদের আবেদন হলো মহামারীর আর্থিক প্রভাবে এখনো ভুগতে থাকা মানুষদের পক্ষে নিউ ইয়র্কের অব্যাহত ও সবল কাজের প্রতিনিধি। আমাদেরকে নিশ্চিত করতে হবে যে সকল যোগ্য ভাড়াটিয়া এবং বাড়িওয়ালা যাতে এই অতি জরুরি সহায়তা লাভ করতে পারে।"

গভর্নর হোকলের নেতৃত্বাধীন, নিউ ইয়র্ক স্টেট ভাড়া ত্রাণ তহবিল বিতরণ সহজ ও ত্বরান্বিত করেছে। ফলস্বরূপ, 166,000-র বেশি গৃহস্থালি উচ্ছেদের হাত থেকে রক্ষা পেয়েছে এবং

109,000টি সরাসরি পেমেন্টের মাধ্যমে বাড়িওয়ালাদের প্রায় 1.4 বিলিয়ন মার্কিন ডলার বিতরণ করা হয়েছে।

কর্মসূচির প্রাথমিক তহবিল সম্পূর্ণভাবে শেষ করার পর, স্টেট ট্রেজারি ডিপার্টমেন্ট থেকে পুনরায় বরাদ্দ তহবিল হিসেবে 996 মিলিয়ন মার্কিন ডলার অনুরোধ করেছে, যা অর্থায়িত না করা 70,000 আবেদনের জন্য যথেষ্ট। কিন্তু ট্রেজারি ডিপার্টমেন্ট নিউ ইয়র্ককে মাত্র 27 মিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত অর্থ প্রদান করেছে, যা দিয়ে 2,000-র কম আবেদনকে অর্থ সাহায্য প্রদান করা যাবে।

এই মাসের শুরুর দিকে, নিউ ইয়র্ক, ক্যালিফোর্নিয়া, নিউ জার্সি, ইলিনয় মার্কিন ট্রেজারি সচিব জ্যানেট ইয়েলেন কে একটি যৌথ চিঠি প্রেরণ করে, যেখানে অতিরিক্ত ফেডারেল তহবিলের অনুরোধ করা হয়েছে বেশি ভাড়াটিয়া জনগোষ্ঠীসহ স্টেটগুলি যাতে অগ্রাধিকার পায় তা নিশ্চিত করতে অনুরোধ করা হয়েছে। নভেম্বর থেকে, এই চারটি স্টেট সম্মিলিতভাবে 5.4 বিলিয়ন মার্কিন ডলার সহায়তা হিসেবে ব্যয় করেছে, যা সকল স্টেটে প্রদত্ত মোট 45.5 বিলিয়ন মার্কিন ডলার ফেডারেল ভাড়া তহবিলের প্রায় 12 শতাংশ, এই অর্থ 625,000-র বেশি গৃহস্থালিকে স্থিতিশীল করতে সাহায্য করেছে।

OTDA-র ভারপ্রাপ্ত কমিশনার ড্যানিয়েল ডব্লিউ টিয়েটজ বলেন, "নিঃসন্দেহে, নিউ ইয়র্কে আরো ভাড়া ত্রাণের চাহিদা রয়েছে যা পূরণ করা হয়নি। উল্লেখযোগ্য পরিমাণ অতিরিক্ত ফেডারেল তহবিল না পেলে, হাজার হাজার ভাড়াটিয়া সহায়তা পাবে না। ট্রেজারি ডিপার্টমেন্টকে করা তহবিলের অনুরোধ পূরণ করা হলে তা এই প্রয়োজন মেটাতে ব্যাপক সাহায্য করবে এবং এটি নিশ্চিত করবে যে আমাদের স্টেটের ভাড়া ত্রাণ কর্মসূচি আবাসন অনিশ্চয়তার ঝুঁকিতে কষ্টে থাকা নিউ ইয়র্কবাসীকে সাহায্য করা অব্যাহত রাখবে। গভর্নর হোকল এই কর্মসূচিকে তার প্রশাসনের একটি অগ্রাধিকার করেছেন, যার ফলে নিউ ইয়র্ক স্টেট এখন ফেডারেল সরকার কর্তৃক পুনরায় বরাদ্দকৃত অতিরিক্ত তহবিল পাওয়ার জন্য সবথেকে ভালো অবস্থানে রয়েছে।"

গভর্নর হোকল মহামারী দ্বারা বেশি ক্ষতিগ্রস্ত ভাড়াটিয়া ও বাড়িওয়ালাদেরকে সমর্থন করাকে অগ্রাধিকার প্রদান করেছেন। ERAP-তে মুখ্য পরিবর্তন নিয়ে আসার পাশাপাশি, গভর্নর হোকল স্থানীয় অধিবাসীদের জন্য স্টেটের অর্থায়িত 100 মিলিয়ন মার্কিন ডলার ভাড়া সম্পূরক উপলভ্য করেছেন, উপার্জনের ভিত্তিতে পূর্বে ERAP-র জন্য অযোগ্য গৃহস্থালিসমূহের জন্য 125 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেছেন, ভাড়া ভাউচার পরিমাণ বৃদ্ধিকে আইন হিসেবে স্বাক্ষর করেছেন, এবং ERAP-তে অংশগ্রহণ করতে অস্বীকৃতি জানানো ভাড়াটিয়াসহ বা বকেয়া রেখে বাড়ি খালি করে দেওয়া ভাড়াটিয়াসহ বাড়িওয়ালাদের সাহায্য করার জন্য 125 মিলিয়ন মার্কিন ডলারের অনুমোদন দিয়েছেন।

গভর্নরের 2023 অর্থবছরের বাজেটে নিউ ইয়র্ক সিটির বাইরে উচ্ছেদ মামলার ক্ষেত্রে আইনি পরিষেবা ও প্রতিনিধিত্বের জন্য 35 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে, যা গত বছরের শেষের দিকে আইন সহায়তার জন্য ঘোষিত 25 মিলিয়ন মার্কিন ডলারের সম্প্রসারণ।

মার্কিন সিনেটর শুমার বলেন, "আমি প্রশাসনকে জোর তাগিদ দিচ্ছি কংগ্রেসের ইচ্ছানুযায়ী, আমাদের দ্বারা ইতিমধ্যে অনুমোদিত অব্যবহৃত তহবিল নিউ ইয়র্কের অতিরিক্ত ভাড়া সাহায্য অবিলম্বে প্রদান করার জন্য। নিউ ইয়র্ক এখনো এই মহামারীর একদম সম্মুখ সারিতে রয়েছে এবং আমাদের ভাড়াটিয়া দ্বৈত সমস্যায় রয়েছে; কোভিড দ্বারা সর্বাধিক আক্রান্ত হওয়া এবং সবথেকে বেশি ভাড়া প্রদান। এইজন্য আমি বিলিয়ন বিলিয়ন ডলার সাহায্য প্রদানের পক্ষে কথা বলেছি যা সরাসরি ভাড়াটিয়া ও ভবন মালিকদের কাছে গিয়ে গণ উচ্ছেদ, এবং গৃহহীনতা, এবং অতিরিক্ত ঋণ প্রতিরোধ করেছে, এবং বলেছি যে কেনও এই ত্রাণের অব্যবহৃত অংশ যত দ্রুত সম্ভব নিউ ইয়র্কের উচ্চ চাহিদার এলাকায় পাঠানো উচিত।"

প্রতিনিধি জেরল্ড ন্যাডলার বলেন, "তহবিলের প্রাথমিক রাউন্ড নিউ ইয়র্কবাসীর জন্য অত্যন্ত সাহায্যকারী ছিলো এবং এটি মানুষকে নিজেদের বাসায় থাকতে এবং বিদ্যুৎ সচল রাখতে সাহায্য করেছে। কিন্তু, হাজার হাজার গৃহস্থালিতে এখনো অতিরিক্ত সহায়তা প্রয়োজন। দুর্ভাগ্যজনকভাবে, ট্রেজারি ডিপার্টমেন্ট কর্তৃক প্রদত্ত শেষ রাউন্ডের তহবিল অনুরোধকৃত পরিমাণের অনেক কম ছিলো। নিউ ইয়র্কে হলো দেশের সর্বাধিক ভাড়াটিয়া জনগোষ্ঠীর একটি রয়েছে, এবং সেজন্য আমি আশা করছি যে ট্রেজারি ডিপার্টমেন্টের গভর্নরের অনুরোধ রক্ষা করবে। এছাড়াও আমি এই তহবিল নিশ্চিত করতে গভর্নর হোকলের প্রচেষ্টার জন্য তাকে ধন্যবাদ জানাতে চাই এবং আমি সচিব ইয়েলেনকে তাগিদ দিচ্ছি নিউ ইয়র্কের অতিরিক্ত সাহায্য বৃদ্ধি করার জন্য, যা মানুষকে নিজেদের বাড়িতে টিকে থাকতে অনেক সাহায্য করবে।"

প্রতিনিধি ক্যারোলিন ম্যালোনি বলেন, "যখন নিউ ইয়র্ক ও এর বাসিন্দারা কোভিড-19 মহামারীর সাড়াদান করে যাচ্ছে, তখন আমাদেরকে অবশ্যই সকল বাসিন্দা যাতে স্থিতিশীল আবাসনে থাকে তা নিশ্চিত করতে সম্ভাব্য সবকিছু করতে হবে। আমি এই অনুরোধ করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং নিউ ইয়র্কবাসীদের কাছে যাতে নিরাপদে এই মহামারী থেকে বের হয়ে আসার জন্য প্রয়োজনীয় সংস্থান থাকে তা নিশ্চিত করতে আমার পক্ষে সম্ভব সবকিছু করতে থাকবো।"

প্রতিনিধি নিডিয়া ভেলাজকেজ বলেন, "কোভিড-19 এর অব্যাহত উপস্থিতির ফলে, এটিই বাস্তব যে অনেক বেশি নিউ ইয়র্কবাসী এখনো নিজেদের কোনও দোষ ছাড়াই অর্থনৈতিক ক্ষতির সম্মুখীন হয়ে আছে। এই কঠিন সময়ে, উচ্ছেদের সাংঘাতিক কষ্ট ও দুর্ভোগ লাঘবের জন্য আমাদের পক্ষে সম্ভব এমন সবকিছু করা আমাদের জন্য আবশ্যক। সেজন্য আমি ফেডারেল পর্যায়ে জরুরি ভাড়া সহায়তার একাধিক রাউন্ড পাশ করার জন্য কঠিন লড়াই করেছি এবং নিউ ইয়র্কের জন্য অতিরিক্ত ERAP তহবিলের জন্য গভর্নর হোকলের অনুরোধকে সমর্থন করছি। আমরা কর্মজীবী পরিবারকে এই কর্মসূচির সুবিধা পাওয়া থেকে বঞ্চিত করতে পারিনা।"

প্রতিনিধি জর্জ ডব্লিউ মিকস বলেন, "আমি নিউ ইয়র্ক যাতে মানুষকে নিজেদের বাসায় টিকিয়ে রাখতে যথাযথ মাত্রার প্রয়োজনীয় তহবিল লাভ করে তা নিশ্চিত করতে আমার সহকর্মীদের প্রচেষ্টায় যোগদান করছি, যেহেতু এখানে ভাড়া সহায়তার চাহিদা অনেক বেশি এবং করোনাভাইরাস এখনো আমাদের সিটি ও স্টেটের জন্য এটি উল্লেখযোগ্য ঝুঁকির কারণ। যেহেতু বাইডেন-হ্যারিস প্রশাসন এর নীতিনির্ধারণের ক্ষেত্রে ন্যায্যতাকে অগ্রাধিকার প্রদান করে, তাই

আঞ্চলিক চাহিদাকে অবশ্যই বিবেচনা করতে হবে এবং নিউ ইয়র্কের বিস্তৃত আবাসন ইকোসিস্টেমের বর্ধিত সমর্থনের পক্ষে দৃঢ় যুক্তি রয়েছে।"

প্রতিনিধি ব্রায়ান হিগিনস বলেন, "এই অতিরিক্ত তহবিল সহায়তার বাকি থাকা অনুরোধ জমে থাকার সমাধান করতে সাহায্য করবে, এই কঠিন সময়ে ভাড়াটিয়া ও বাড়িওয়ালাদের সমর্থন করবে।"

প্রতিনিধি ইভেট ক্লার্ক বলেন, "আবাসন হলো একটি সার্বজনীন মানবাধিকার এবং মানুষের মৌলিক চাহিদা, এবং সবসময় তাই থাকবে। গত বছরগুলির সঙ্কটগুলি জড়ো হওয়ার ফলশ্রুতিতে, অনেক বেশি নিউ ইয়র্কবাসী আবাসন অনিশ্চয়তায় ভুগছে, যা নিউ ইয়র্কের মহামারী-সময়কালীন উচ্ছেদ স্থগিতাদেশ (Pandemic-Era Eviction Moratorium) সম্প্রতি শেষ হয়ে যাওয়ার ফলে আরো বৃদ্ধি পেয়েছে। সৌভাগ্যবশত, জরুরি ভাড়া সহায়তার মতো কর্মসূচির মাধ্যমে মানুষকে তাদের বাসায় টিকিয়ে রাখতে সাহায্য করার জন্য একটি অতি জরুরি সেফটি নেট রয়েছে। আমি এই প্রয়োজনীয় কর্মসূচি সমর্থন করার জন্য গভর্নর হোকলের অতিরিক্ত তহবিল অনুরোধ করার সিদ্ধান্তের, এবং আমাদের সবথেকে দুঃস্থ সম্প্রদায়ের অধিকার ও মর্যাদা রক্ষায় তার নিবেদনের জন্য তার প্রশংসা করছি। যদিও এই অতিরিক্ত তহবিল অগণিত নিউ ইয়র্কবাসীর জীবনে অমূল্য অবদান রাখবে, তবে আমাদের অশ্বেতাঙ্গ সম্প্রদায়গুলিকে অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে যেই আবাসন সঙ্কট তার মূল কারণ বের করা এবং তা দূর করার ক্ষেত্রে অনেক কাজ বাকি আছে। স্টেট এবং ফেডারেল উভয় পর্যায়ে, নিউ ইয়র্কের সাশ্রয়ী আবাসন সঙ্কট শেষ করার জন্য দীর্ঘমেয়াদি সমাধান খোঁজা অব্যাহত রাখা অত্যন্ত দরকার।"

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "যখন আমরা এই কোভিড মহামারীর মধ্যে দিয়ে যাচ্ছি, লাখ লাখ বাড়িওয়ালা ও ভাড়াটিয়া নিজেদের কোনও দোষ ছাড়াই অব্যাহত আর্থিক কাঠিন্যের মধ্যে রয়েছে। আমি আমাদের ক্যাপিটাল অঞ্চলের ভেতরে ও বাইরে আমাদের কোভিড উদ্ধার পরিকল্পনার মাধ্যমে অতি প্রয়োজনীয় এই ত্রাণ প্রদানে কংগ্রেসে করা আমার কাজ নিয়ে গর্বিত। আমি এইসব প্রচেষ্টাকে সমর্থন করতে থাকবো এবং আমি প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ, সাশ্রয়ী বাসা নিশ্চিত করতে গভর্নর হোকলের নিবেদনের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। "

প্রতিনিধি হাকিম জেফ্রিস বলেন, "হাউজ ডেমোক্র্যাটগণ এবং বাইডেন-হ্যারিস প্রশাসন জরুরি ভাড়া সহায়তা কর্মসূচির মাধ্যমে ভাড়াটিয়া ও বাড়িওয়ালাদের জন্য তহবিল উপলভ্য করেছে, এবং লাখ লাখ নিউ ইয়র্কবাসী এই অর্থ দ্বারা উচ্ছেদ থেকে রক্ষা পেয়েছে। কিন্তু আমাদের স্টেটে, বিশেষ করে নিউ ইয়র্ক সিটিতে এখনো অনেক বেশি চাহিদা পূরণ করা হয়নি। এটি একটি সকলের একত্রে কাজ করার মুহূর্ত, এবং আমি আমাদের স্টেটের প্রাপ্য অতিরিক্ত তহবিলের অনুরোধ করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

প্রতিনিধি শন প্যাট্রিক ম্যালোনি বলেন, "জরুরি ভাড়া সহায়তা মহামারীর সময় নিজেদের দৈনন্দিন চাহিদা পূরণ করতে সংগ্রাম করতে থাকা লাখ লাখ নিউ ইয়র্কবাসীকে অতি জরুরি সাহায্য প্রদান করেছে। নিউ ইয়র্কের মতো উচ্চ ভাড়াটিয়া জনগোষ্ঠীসহ স্টেটগুলির জন্য

এখনো সাহায্যের প্রয়োজন আছে এমন যোগ্য আবেদনকারীদের সবাইকে তহবিল প্রদান করা প্রয়োজন। আমি এই অনুরোধে গভর্নর হোকলের সাথে আছি এবং ট্রেজারি সচিব ইয়েলেনকে তাগিদ দিচ্ছি নিউ ইয়র্ক স্টেট যাতে আমাদের সম্প্রদায়কে সমর্থন করতে পারে এবং পরিবারগুলিকে নিজেদের বাসায় টিকে থাকতে সাহায্য করতে পারে তা নিশ্চিত করার তাগিদ প্রদান করছি।"

প্রতিনিধি ক্যাথলিন রাইস বলেন, "গভর্নর হোকল ভাড়া ত্রাণ হাজার হাজার বাড়িওয়ালার কাছে পৌঁছে দিতে কঠোর পরিশ্রম করেছেন, যা পুরো স্টেটের 166,000-র বেশি গৃহস্থালিকে সুরক্ষিত করেছে। কিন্তু, এখনো ভাড়া সহায়তার প্রয়োজন আছে এমন অনেক নিউ ইয়র্কবাসীদের সমর্থন করার জন্য অতিরিক্ত তহবিলের একটি চলমান চাহিদা রয়েছে। ফেডারেল ভাড়া ত্রাণ পুনরায় বোর্ডের প্রথম রাউন্ডে অতিরিক্ত তহবিলের জন্য গভর্নর হোকলের অনুরোধ সমর্থন করতে পেরে আমি গর্বিত, এবং আমি আমাদের স্টেটে আবাসন অনিরাপত্তার ঝুঁকিতে থাকা বহু পরিবারকে রক্ষা করতে অতিরিক্ত সংস্থানের জন্য লড়াই চালিয়ে যাবো।"

প্রতিনিধি আদ্রিয়ানো এস্পিয়াত বলেন, "নিউ ইয়র্ক স্টেটে দেশের অন্য যেকোনও স্টেটের থেকে বেশি ভাড়াটিয়া রয়েছে, এবং অনেক গৃহস্থালি কোভিড-19 মহামারীর সূচনা থেকেই ভাড়া দিতে সংগ্রাম করছে। নিজেদের ভাড়া প্রদান করতে পারেনি এমন সহায়তা পাওয়ার যোগ্য নিউ ইয়র্কবাসীদের এই অতি প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য ERAP একটি অমূল্য হাতিয়ার এবং আমাদের স্টেটের চলমান পুনরুদ্ধারের সমর্থনে এই তহবিলকে পুনরায় পূর্ণ করা আমাদের জন্য অতি জরুরি। নিউ ইয়র্ক যখন মহামারীর অর্থনৈতিক প্রভাব থেকে পুনরুদ্ধার পাওয়ার চেষ্টা করেছে যাচ্ছে, হাজার হাজার নিউ ইয়র্কবাসী তখন উল্লেখযোগ্য ভাড়া ঋণ ও সম্ভাব্য উচ্ছেদের সম্মুখীন হয়ে আছে।যেহেতু আমি স্থিতিশীল ভাড়ার অ্যাপার্টমেন্টের সর্বাধিক ঘনবসতিপূর্ণ জেলার প্রতিনিধিত্ব করছি, তাই আমার এলাকার নাগরিকেরা এর থেকে অনেক লাভবান হবে, এবং আমি পরিবারগুলিকে তাদের বাড়িতে টিকে থাকতে সাহায্য করার জন্য প্রয়োজনীয় সমর্থন প্রদান করতে স্টেটের কর্মসূচিটি পুনর্গঠন করার জন্য গভর্নর হোকলের সর্বশেষ অনুরোধকে সমর্থন করতে পেরে গর্বিত।"

প্রতিনিধি জো মোরেল বলেন, "আমরা যখন কোভিড-19 মহামারীর অর্থনৈতিক প্রভাবের সাথে লড়াই করছি, তখন আমাদেরকে অবশ্যই সকল মানুষের নিরাপদ, সুরক্ষিত আবাসনের মৌলিক অধিকার রক্ষা করতে হবে। আমি গর্বিত যে আমার সহকর্মীরা এবং আমি বাড়িওয়ালা ও ভাড়াটিয়াদের বোঝা লাঘবে কাজ করেছি, এবং আমি এই কঠিন সময়ে ভাড়া ত্রাণ প্রচেষ্টা সম্প্রসারণ করাকে সমর্থন করে যাচ্ছি। আমি গভর্নর হোকলের নেতৃত্ব এবং নিউ ইয়র্কের পরিবারগুলিকে নিরাপত্তা ও স্থিতিশীলতা প্রদানে সাহায্য করার জন্য তার অঙ্গীকারের জন্য তার প্রতি কৃতজ্ঞ।"

প্রতিনিধি জামাল বোম্যান বলেন, "কোভিড মহামারীর অনেক বিধ্বংসী প্রভাবের একটি হলো এটি আমাদের আবাসন সঙ্কটকে আরো খারাপ করেছে। মহামারীর পূর্বেও বিদ্যমান থাকা আবাসন সঙ্কট অশ্বেতাঙ্গ ভাড়াটিয়াদের অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করছে, যাদের মধ্যে বেকার হার উচ্চতর, যাদের কোভিড-19 দ্বারা আক্রান্ত ও গুরুতর অসুস্থ হওয়ার সম্ভাবনা বেশি

এবং যাদের নিজেদের বাসা হারানোর সম্ভাবনা বেশি। ফেডারেল সরকারকে জরুরি ভাড়া সহায়তা কর্মসূচিতে অবিলম্বে তহবিল প্রদানের জন্য সম্ভাব্য সবকিছু করতে হবে, কর্মসূচিটি লাখ লাখ আমেরিকান পরিবারকে, যাদের অনেকের সাথে শিশু রয়েছে, নিজেদের বাসায় টিকে থাকার সুযোগ প্রদান করে। আমাদেরকে আরো সার্বিক আউটরিচ এবং ভাড়াটিয়া ও বাড়িওয়ালা উভয়কে শেখানো, সহজতর আবেদন প্রক্রিয়া, এবং একটি আনুষ্ঠানিক সুরক্ষা ব্যবস্থা যার ফলে বাড়িওয়ালাদের ভাড়াটিয়া উচ্ছেদের পূর্বে কর্মসূচির তহবিল আসার অপেক্ষা করতে হবে, এসবের জন্য দাবি করতে হবে। আমি জরুরি ভাড়া সহায়তার জন্য আরো ফেডারেল তহবিলের অনুরোধের ব্যাপারে নিউ ইয়র্ক স্টেটকে সমর্থন করার জন্য গভর্নর হোকলের সাথে যোগ দিচ্ছি এবং কংগ্রেসে আমার পক্ষে সম্ভব সবকিছু করবো যাতে এই ত্রাণটি পাওয়া সম্ভব হয়।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন